# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৫৩

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস শ্রোতাকে এই সংশয়ে ফেলে দেয় যে, প্রতিটি ব্যক্তির জন্য আবশ্যক হলো মৃত্যু বরণ সময় পরবর্তী লোকদের জন্য কোন কিছু না রেখে যাওয়া

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُوهِمُ مُسْتَمِعِيهِ أَنْ لَا يَجِبُ عَلَى الْمُسْلِمِ أَنْ يَمُوتَ ويخلّف شَيْئًا مِنْ هَذِهِ الدُّنْيَا لِمَنْ بَعْدَهُ

---

আরবী

3253 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ يَحْيَى الْقَطَّانِ عَنْ يَزِيدَ بْنِ أَبِي عُبَيْدٍ عَنْ سَلَمَةَ بْنَ الْأَكْوَعِ: قَالَ: كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فأُتي بجنازة فقالوا: صلِّ عليها يارسول اللَّهِ قَالَ: (هَلْ تَرَكَ عَلَيْهِ دَيْنًا)؟ قَالُوا: لَا قَالَ: (فَهَلْ تَرَكَ مِنْ شَيْءٍ)؟ قَالُوا: ثَلَاثَةُ دَنَانِيرَ قَالَ: (ثَلَاثُ كَيَّاتٍ) ثُمَّ أُتِيَ بِالثَّانِيَةِ فَقَالُوا: يَا نَبِيَّ اللَّهِ صَلِّ عَلَيْهَا قَالَ: (هَلْ تَرَكَ مِنْ دينٍ)؟ قَالُوا: نَعَمْ قَالَ: (فَهَلْ تَرَكَ مِنْ شَيْءٍ)؟ قَالُوا: لَا فَقَالَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ يُقَالُ لَهُ أَبُو قتادة: يارسول اللَّهِ عليَّ دينُهُ قَالَ: فَصَلَّى عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.
الراوي : سَلَمَة بْن الْأَكْوَعِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3253 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق الرغيب)) (2/ 44).

বাংলা

৩২৫৩. সালামাহ বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম, এমন সময় তাঁর কাছে একটি জানাযা আনা হলো। লোকজন বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি এর জানাযার সালাত আদায় করুন।” তিনি জিজ্ঞেস করেন, “সে কি কোন ঋণ রেখে গিয়েছে?” সাহাবীগণ জবাব দিলেন, “জ্বী, না।” তিনি আবার জিজ্ঞেস করলেন, “সে কি কোন কিছু রেখে গিয়েছে?” সাহাবীগণ জবাব দিলেন, “তিন দীনার।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম বলেন, “তিনটি সেক দেওয়ার মাধ্যম।”

তারপর তাঁর কাছে দ্বিতীয় আরেকটি জানাযা আনা হলো। লোকজন বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি এর জানাযার সালাত আদায় করুন।” তিনি জিজ্ঞেস করেন, “সে কি কোন ঋণ রেখে গিয়েছে?” সাহাবীগণ জবাব দিলেন, “জ্বী, হ্যাঁ।” তিনি আবার জিজ্ঞেস করলেন, “সে কি কোন কিছু রেখে গিয়েছে?” সাহাবীগণ জবাব দিলেন, “জ্বী, না।”  তখন আবূ কাতাদা নামক একজন আনসারী সাহাবী বলেন, “হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তার ঋণ পরিশোধ করার দায়িত্ব আমার।” রাবী বলেন, “তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার সালাত আদায় করেন।”[1]

## ফুটনোট

[1] তাবারানী: ৬২৯১; মুসনাদ আহমাদ: ৪/৪৭; সহীহুল বুখারী: ২২৮৯; সুনান বাইহাকী: ৬/৭২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৭১; নাসাঈ: ৪/৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্‌ওয়া‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92584

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন